

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭০১

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির দাফনের বর্ণনা

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اللَّحْدُ لَنَا وَالشَّقُّ لغيرنا» رَوَاهُ التِّرْمِذِيّ وَأَبُو دَاوُد وَابْنِ مَاجَه

বাংলা

১৭০১-[৯] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ লাহদী কবর আমাদের জন্য। আর শার্ক্ (সিন্ধুকী) কবর আমাদের অপরদের জন্য। (তিরমিয়ী, আবূ দাউদ, নাসায়ী, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৩২০৪, আত্ তিরমিয়ী ১০৪৫, নাসায়ী ২০০৯, ইবনু মাজাহ্ ১৫৫৪, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৭১৮, সহীহ আল জামি' আস্ সগীর ৫৪৮৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: "লাহদ আমাদের জন্য আর শিক্ক অন্যদের জন্য"- এখানে আমাদের জন্য মুসলিমদেরকে বুঝানো হয়েছে। আর অন্যদেরকে বলতে ইয়াহূদী এবং খৃষ্টানদেরকে বুঝানো হয়েছে। এ হাদীসটি লাহদ কবর উত্তম হওয়ার ব্যাপারে প্রমাণ বহন করে। আর যদি এখানে আমাদের ছাড়া অন্যদের বলতে পূর্ববর্তী উম্মাতকে বুঝানো হয় তাহলেও এ হাদীসটি লাহদ কবরের শ্রেষ্ঠত্বের দিকে ইঙ্গিত করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন